



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ০৭ মার্চ ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

বাঘাইছড়িতে ইউপিডিএফ সংগঠককে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা সংগঠক সচল চাকমা আজ ৭ মার্চ ২০১৯, বৃহস্পতিবার সংবাদ মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে বাঘাইছড়িতে সংস্কারবাদী জেএসএস সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফ সংগঠক উদয় বিকাশ চাকমা ওরফে চিক্লেধন (৪০)-কে গুলি করে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, আজ সকাল সোয়া ১১টার দিকে সাংগঠনিক কাজে যাবার পথে উপজেলার বঙ্গলতলী ইউপি'র বি-ব্লক এলাকায় আগে থেকে গুঁৎ পেতে থাকা সংস্কারবাদী জেএসএস-এর একদল সশস্ত্র সন্ত্রাসী উদয় বিকাশ চাকমার ওপর ব্রাশ ফায়ার করে। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

হত্যার শিকার উদয় বিকাশ চাকমা বঙ্গলতলী বি-ব্লক গ্রামের শশধর চাকমার ছেলে। তিনি বঙ্গলতলী ইউনিয়নের প্রাক্তন মেম্বর ও গণতান্ত্রিক যুব ফোরামের বাঘাইছড়ি উপজেলা শাখার সভাপতির দায়িত্ব পালন শেষে ইউপিডিএফ-এ যোগদান করে সংগঠকের দায়িত্ব পালন করছিলেন।

বিবৃতিতে উদয় বিকাশ চাকমাকে হত্যার ঘটনাকে অত্যন্ত 'ন্যাক্কারজনক ও কাপুরুষোচিত' উল্লেখ করে ইউপিডিএফ নেতা বলেন, পার্বত্য চট্টগ্রামে অধিকার আদায়ের আন্দোলনকে ধ্বংস করার জন্য সরকারের একটি কায়েমী স্বার্থবাদী মহলের প্রত্যক্ষ মদদে সংস্কারবাদী জেএসএস স্বাধীনতা যুদ্ধের সময়কালের পাকিস্তানি হানাদার বাহিনীর সৃষ্ট রাজাকার-আলবদর বাহিনীর মতো আন্দোলনকারীদের হত্যা করছে।

তিনি সরকার, প্রশাসন ও নিরাপত্তা বাহিনীর ভূমিকায় গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন, সংস্কারবাদী জেএসএস সন্ত্রাসীরা নিরাপত্তা বাহিনীর ক্যাম্পের আশে-পাশে সশস্ত্রভাবে অবস্থান করে একের পর এক খুন, অপহরণ, মুক্তিপণ আদায়সহ বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ড চালালেও তাদের বিরুদ্ধে কোন ধরনের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে না। উপরন্তু প্রত্যক্ষ সহযোগিতা দিয়ে এসব সন্ত্রাসী কর্মকাণ্ড চালাতে তাদের উৎসাহিত করা হচ্ছে, যা চরম উদ্বেগজনক ও নিন্দনীয়।

বিবৃতিতে তিনি অবিলম্বে উদয় বিকাশ চাকমার খুনি সংস্কারবাদী সন্ত্রাসীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।